ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক সংবাদ

তারিখ ... 16 AUG 1989 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

সংবাদ : ৫

# চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৪ই আগষ্ট।--দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষের পর পরিস্থিতির অবনতি হওয়ায় চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। এ নিয়ে গত ৭ মাসে তিনদফা প্রতিষ্ঠানটি বন্ধ হয়।

সংঘর্ষে দু'পক্ষের ৮জন আহত হয়। ছাত্রলীগ (হা-অ) জানায়, গতকাল বিকেল ৪টায় জাতীয়তাবাদী ছাত্রদলের সশস্ত্র কর্মীরা তিনটি ছাত্রাবাসে হামলা চালায় ও বিভিন্ন কক্ষ ভাঙচুর করে। বোমাবাজিতে তাদের চারজন কর্মী আহত হয়েছে। অপরদিকে ছাত্রদল জানায়, ছাত্র লীগের সশস্ত্র কর্মীরা গতকাল তিনটি ছাত্রাবাসে হামলা চালায় ও ভাঙচুর করে। আজ সকাল ১১টায়ও ছাত্র সংসদ কার্যালয়ে ভাঙচুর করা হয়। উভয় সংগঠন ঘটনার তীব্র নিন্দা এবং অবিলম্বে ইনষ্টিটিউট খুলে দেবার দাবী জানিয়েছে।